



স্মারক নং: সুসক/সম্মান ভর্তি/২০২৩/০২

তারিখঃ ১৫/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিতব্য ১ম মেধা তালিকায় সুনামগঞ্জ সরকারি কলেজে যারা স্থান পাবে সে সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি প্রক্রিয়া নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী সম্পাদিত হবে।

ভর্তি ফি

স্নাতক (সম্মান) বিষয়	ফিসের বিবরণ	টাকার পরিমাণ	মোট
গণিত উদ্ভিদবিদ্যা	ভর্তি ফি	৩,৪০৮/-	৫,৬৫৮/- (মুসলিম)
	৪ বছরের সেমিনার ফি (বিজ্ঞান অনুষদ)	২,২০০/-	
	মসজিদ/মন্দির	৫০/৬০	৫,৬৬৮/- (অমুসলিম)
বাংলা ইংরেজি দর্শন রাষ্ট্রবিজ্ঞান অর্থনীতি ইতিহাস হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	ভর্তি ফি	৩,৩০৮/-	৪,৯৫৮/- (মুসলিম)
	৪ বছরের সেমিনার ফি (কলা, সামাজিক বিজ্ঞান ও ব্যবসায়শিক্ষা অনুষদ)	১,৬০০/-	
	মসজিদ/মন্দির	৫০/৬০	৪,৯৬৮/- (অমুসলিম)

ভর্তি প্রক্রিয়া

করণীয় ধাপসমূহ	তারিখ
১ম ধাপ অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) লিংকে গেয়ে ফরম পূরণ ও ডাউনলোড	১৮/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩
২য় ধাপ সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমাদান	১৮/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩
৩য় ধাপ কলেজের ওয়েবসাইটে (https://sugc.edu.bd/) ভর্তির লিংকে গিয়ে ভর্তি ফরম পূরণ	১৮/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩
৪র্থ ধাপ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদান	১৮/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩

সাপ্তাহিক ছুটি ও সরকারি বন্ধের দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০ টা থেকে বেলা ২:৩০ পর্যন্ত বিভাগের অফিসে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়া যাবে।

শিক্ষার্থীদের করণীয়ঃ

১। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৫ মে, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২। অত্রহী শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) - এ Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করবে। পূরণকৃত ভর্তির মূল আবেদন ফরম ০২ কপি (Applicant's Copy & College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করে সংরক্ষণ করবে, যা পরবর্তীতে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ফরম ডাউনলোড করা না হলে শিক্ষার্থীকে কোনভাবেই ভর্তি করা সম্ভব না।

বিঃ দ্রঃ মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থী বিষয় পরিবর্তন করে পছন্দ উর্ধ্বক্রমের অন্য বিষয়ে যেতে ইচ্ছুক হলে অনলাইন আবেদন পূরণের সময় বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে “Yes” দিতে হবে।

৩। ভর্তির মূল আবেদন ফরমের রোল নম্বর ও নাম যাচাই করে সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমা দিবে। শিক্ষার্থী / ভর্তিচ্ছুরা যেকোন মোবাইল ওয়ালেট (বিকাশ / নগদ / রকেট) অথবা কার্ড (ভিসা / মাস্টার / এমেক্স / ডিবিবিএল নেত্রাস) এবং সোনালী ব্যাংক একাউন্ট হতে বিভিন্ন প্রকার ফি প্রদান করতে পারবে। শিক্ষার্থীর নিজের কোন প্রকার ভুলের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। কলেজের ওয়েবসাইট (<https://sugc.edu.bd/>) এ ভর্তির লিংকে গিয়ে প্রয়োজনীয় ফিল্ড ফিলাপ করতে হবে। যথাযথভাবে ফরম পূরণের পর তা ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র যা শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবেঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) মাধ্যমে প্রাপ্ত ভর্তির মূল আবেদন ফরমের ০১ কপি (College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করে জমা দিবে।

খ) কলেজের ওয়েবসাইট (<https://sugc.edu.bd/>) থেকে প্রাপ্ত ভর্তি ফরম ০১ কপি প্রিন্ট করে জমা দিবে।

গ) সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমাদানের রশিদ।


ঘ) এসএসসি ও এইচএসসি/ সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের এক সেট ফটোকপি।

ঙ) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি জমা দিতে হবে।

চ) দুই কপি সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি (ছবি অবশ্যই মার্জিত ও অফিসিয়াল হতে হবে) এবং ছবির পেছনে শিক্ষার্থীর পূর্ণ নাম ও কলেজ ওয়েবসাইট থেকে প্রাপ্ত রোল নম্বর লিখে দিতে হবে।

ছ) একটি A4 সাইজের খামের উপর শিক্ষার্থীর নাম, ভর্তির বিভাগ, কলেজ ওয়েবসাইট থেকে প্রাপ্ত ক্লাস রোল এবং মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) লিখে উপরে উল্লিখিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।

প্রতিস্বাক্ষরিত


২০.০৮.২০২৩

প্রফেসর রজত কান্তি সোম

আইডি নং-৪২৪৭

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ


২০.০৮.২০২৩

ইফতেখার আলম

সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও

আহবায়ক

সম্মান ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২২-২০২৩

সুনামগঞ্জ সরকারি কলেজ


২৫/০৮/২৩